দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 SEP 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# ক্যাম্পাসে পুলিশ প্রহরা বৃদ্ধি

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহে কোন ছাত্র বা ছাত্রীর কক্ষে টেলিফোন সেট পাওয়া গেলে তাহার সীট বাতিল করা হইবে। গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সকল হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ক্যাম্পাসের আইন (১১শ পৃঃ দ্রঃ)

## ক্যাম্পাসে

( ১ম পৃঃ পর )

শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা করিয়া বলা হয়, সন্ত্রাস দমনের লক্ষ্যে পুনঃ ভর্তির ব্যবস্থা বাতিল করিতে হইবে। একই শ্রেণীতে একাধিকবার অকৃতকার্য ছাত্র-ছাত্রীর আবাসিক হলের সীট বাতিলের ব্যাপারে আইনগত দিক পরীক্ষা-নিরীক্ষা করার জন্য ভিসিকে অনুরোধ করা হয়। এদিকে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার লক্ষ্যে গতকাল হইতে প্রতিটি হলে পুলিশ মোতায়েন করা হইয়াছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও মহানগর পুলিশের কর্মকর্তাদের আলোচনার প্রেক্ষিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস ও সংঘর্ষের ঘটনা পর্যায়ক্রমে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ব্যাহত হইতে থাকে। সম্প্রতি ছাত্রদলের সংঘর্ষে ২ জন ছাত্রদলের নেতার মৃত্যুর পর সরকার বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস বন্ধ করার জন্য দৃঢ় মনোভাব ব্যক্ত করেন এবং উহার ফলশ্রুতিতে ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক ইলিয়াস আলীকে গ্রেফতার করা হয়। ইহার পরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে পুলিশ অস্ত্র তল্লাশী করিতে গেলে সাধারণ ছাত্ররা স্বতস্ফূর্তভাবে পুলিশের কাজে সহায়তা করে এবং অস্ত্রধারীদের কক্ষ সনাক্ত করিয়া দেয়। এই ঘটনার পর হইতে সাধারণ ছাত্রদের মধ্যে কিছুটা স্বস্তি ফিরিয়া আসিয়াছে। সাধারণ ছাত্রদের নিরাপত্তার স্বার্থে গতকাল প্রতিটি আবাসিক হলে পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়। নীলক্ষেত পুলিশ ফাঁড়িতে পুলিশের সংখ্যা বৃদ্ধি ও অভিযোগ কেন্দ্র স্থাপন করা হইয়াছে।